

# সমকাল

## শনিবারের জেএসসি-জেডিসি পরীক্ষা স্থগিত

০৮ নভেম্বর ২০১৯ | Updated ০৯ নভেম্বর ২০১৯

সমকাল প্রতিবেদক



ফাইল ছবি

ঘূর্ণিঝড় 'বুলবুল' এর কারণে শনিবারের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা স্থগিত করা হয়েছে।

শুক্রবার সন্ধ্যায় আন্তঃশিক্ষা শিক্ষা বোর্ড সমন্বয় সাব কমিটি সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মু. জিয়াউল হক এ তথ্য জানান।

শনিবার জেএসসি ও জেডিসিতে গণিত পরীক্ষা হওয়ার কথা ছিল। স্থগিত হওয়া জেএসসি পরীক্ষা ১২ নভেম্বর এবং জেডিসি পরীক্ষা ১৪ নভেম্বর একই সময়ে অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য, গত ২ নভেম্বর থেকে সারা দেশে একযোগে জেএসসি ও জেডিসি পরীক্ষা শুরু হয়েছে।